সংবাদ

8 FEB 2017
পৃষ্ঠা ২ ... কলাম ৪

# মেহেরপুরে ধসেপড়া সেই স্কুল ভাঙা শুরু

**প্রতিনিধি, মেহেরপুর**

মেহেরপুরের গাংনী উপজেলার নওপাড়া নবীনপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নির্মাণাধীন দ্বিতল ভবন ভাঙা শুরু হয়েছে। নিম্নমানের উপকরণ দিয়ে যে অংশ নির্মাণ করা হয়েছে তা ভেঙে নতুন করে নির্মাণের নির্দেশনা দিয়েছে এলজিইডি প্রধান কার্যালয়। গত ৭ জানুয়ারি নির্মাণাধীন ওই ভবনের সিঁড়ি ধসে পড়লে ব্যাপক আলোচনার জন্ম হয়। এলজিইডি মেহেরপুর নির্বাহী প্রকৌশলী আজিম উদ্দীন সর্দার ও গাংনী উপজেলা প্রকৌশলী মাহবুবুল হক গত সোমবার দুপুরে ভবনের উপরের অংশ শ্রমিক দিয়ে ভাঙা শুরু করেন। প্রথম দিনে ভেঙে পড়া সিঁড়ি ও দুই তলার কয়েকটি পিলার ভাঙা হয়। মেহেরপুর এলজিইডি আজিম উদ্দীন সর্দার জানান, নির্দেশনা অনুযায়ী ভাঙা শুরু হয়েছে। প্রাথমিকভাবে দুই তলার কয়েকটি পিলার, ভেঙে পড়া সিঁড়িসহ ইটের গাঁথুনি ভাঙা হচ্ছে। ভবনে ম্যাটালিক সাউন্ডের মাধ্যমে নিম্নমানের নির্মাণ চিহ্নিত হবে। ভবনের যে পরিমাণ অংশ নিম্নমানের নির্মাণ সামগ্রী পাওয়া যাবে ততটুকু ভেঙে ফেলা হবে। তিনি আরো বলেন, সিঁড়ি ভেঙে পড়ার পর এলজিইডি সদর দপ্তরের মান নিয়ন্ত্রণ প্রকৌশলী ও বুয়েট প্রতিনিধি দল ভবন পরিদর্শন করে নমুনা সংগ্রহ করে। বুয়েট পরীক্ষায় নিম্নমানের নির্মাণ সামগ্রী নিশ্চিত হওয়ায় ভাঙার নির্দেশনা দেয়। আগামী ১৫ ফেব্রুয়ারির মধ্যে ভাঙার কাজ শেষ করে নতুন নির্মাণ কাজ শুরু হবে। ঠিকাদার নিজ খরচে ভাঙার পর পুনরায় নির্মাণ করবে।